দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 FEB 1991
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪

## ল্যাবরেটরী স্কুলের ছাত্রদের বিক্ষোভ

(ইত্তেফাক রিপোর্ট)

স্কুলে ডবল শিফটের প্রতিবাদে গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের একদল ছাত্র গতকাল (রবিবার) নগরীতে মিছিল বাহির করে। মিছিলটি স্কুল ক্যাম্পাস হইতে শুরু হইয়া বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে ছাত্রদের পক্ষ হইতে শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর নিকট স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপিতে স্কুলে পড়া-লেখার মান উন্নত রাখার স্বার্থে ডবল শিফট প্রবর্তনের সিদ্ধান্ত বাতিলের দাবী করা হয়।